আলমডাঙ্গায় পূজা উদযাপন উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময়

আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা পূজা উদযাপন কমিটির নেতাদের সঙ্গে থানার ওসির আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা থানা চত্বরে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত আলোচনা হয়। সেইসঙ্গে পূজা উদযাপন কমিটির সকল নেতৃবৃন্দ ও সদস্যদের মতামত গ্রহণ করা হয়।

আলোচনা সভায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, নিরাপত্তা নিশ্চিতে ও নিজ নিজ ধর্ম সুষ্ঠুভাবে পালনে আইনশৃঙ্খলা রক্ষায় আলমডাঙ্গা থানাপুলিশ সবসময় সর্তক রয়েছে। পুলিশের পক্ষ থেকে প্রতিটি পূজামণ্ডপ এলাকায় সর্বোচ্চ আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে।

তিনি ৩ টি বিষয়ে গুরুত্ব সহকারে পালনের নির্দেশ দিয়ে বলেন, পূজা শুরু থেকে শেষ পর্যন্ত স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রতিটি পূজা মণ্ডপে আলোকসজ্জা বৃদ্ধির পাশাপাশি সিসি ক্যামেরা আওতাভুক্ত আনার পরামর্শ দেন ওসি। তবে পূজা মণ্ডপের সন্নিকটে নিকট কোন দোকান কিংবা ফাস্টফুডের দোকান না বসানোর জন্য নির্দেশ দেন।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন,উপজেলা হিন্দু-বৌদ্ধ- খ্রীস্টান ঐক্য পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনিন্দ্র নাথ দ্ত্ত, উপজেলা পূজা উতযাপন পরিষদের সভাপতি ডা: অমল কুমার বিশ্বাস, বাহ্মন পুরহিত ঐক্য পরিষদের সভাপতি দেবেন্দ্র নাথ দোবে বাবুলাল,উপজেলা পূজা উদযাপন পরিষদের সহ- সাধারণ সম্পাদক সুধাংশ কুমার ব্যানর্জী, পৌর পূজা উদযাপন কমিটির সভাপতি পরিমল কুমার ঘোষ,হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদের পৌর সম্পাদক পলাশ কুমার আচার্য্য,পূজা উদযাপন পরিষদের পৌর সাধারণ সম্পাদক জয় কুমার বিশ্বাস।

এ ছাড়াও উপস্থিত ছিলেন আশোক সাহা,লিপন বিশ্বাস,সুশিল কুমার ভৌতিকা,কৃষ্ণ বিশ্বাস,বিশ্বজিৎ সাধুখা, বিজয় কুমার দাস,শিপন কুমার দাসসহ ৩৯টি মন্দির কমিটির সভাপতি সম্পাদক বৃন্দ।

জীবননগরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে পুলিশের মতবিনিময় সভা

জীবননগর থানা পুলিশের সাথে আসন্ন দুর্গাপূজা উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দেরে আইন শৃঙ্খলা বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে থানা ক্যাম্পাসে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন,জীবননগর থানার অফিসার ইনচার্জ এসএম জাবিদ হাসান। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন,জীবননগর-দামুড়হুদা সার্কেলের সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, অফিসার ইনচার্জ (তদন্ত) আবু সাইদ, জীবননগর উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি যাদব প্রমানিক, সাধারন সম্পাদক নারায়ন ভৌমিক, উপজেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি রমেন বিশ্বাস,সাধারন সম্পাদক সাগর বিশ্বাস। এ ছাড়াও বক্তব্য রাখেন, প্রশান্ত দাস, সরজিত কর্মকার, বিপ্লব কুমার পাল, জীবন সেন, নিত্য কর্মকার।

মতবিনিময় সভায় প্রধান অতিথি সিনিয়র সহকারী পুলিশ সুপার জাকিয়া সুলতানা বলেন,পূজা চলাকালীন সময়
এবং দুর্গা বিসর্জনের সময় সবাইকে সতর্ক থাকতে হবে। কোন অবস্থাতেই কাউকে বিশৃঙ্খলা সৃষ্টি করতে দেয়া যাবে না। অপরাধীদের ব্যাপারে পুলিশের তৎপরতাও থাকবে। সকল ধর্মের মানুষ শান্তিপুর্ণ ভাবে তাদের ধর্মীয় উৎসব পালন করবে এবং পুলিশ সে ব্যাপারে সকল ধরনের সহযোগীতা দিবে।

মেহেরপুরে গোপন বৈঠক চলাকালে জামায়াতের ৩ রোকন আটক

মেহেরপুর সদর উপজেলার রায়পুর খন্দকারপাড়া থেকে গোপন বৈঠক চলাকালে জামায়াতের রোকনকে আটক করেছে সদর থানা পুলিশ।

আটককৃতরা হলেন সদর উপজেলার বন্দর গ্রামের মৃত তিলক শেখের ছেলে আব্দুল জাব্বার, রাধাকান্তপুরের মৃত শিহাব উদ্দিনের ছেলে আব্দুল রউফ ও পৌর শহরের মন্ডলপাড়ার মৃত মিজানুর রহমানের ছেলে ইকবাল হোসেন।

আজ মঙ্গলবার দুপুর মেহেরপুর সদর থানা পুলিশ তাদের আটক করে।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম বলেন, ‘গোপন বৈঠক হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে এস আই জহুরুল ইসলামের নেতৃত্বে একটি টিম সদর উপজেলার রায়পুর খন্দকারপাড়ার রুহুলের বাড়িতে অভিযান পরিচালনা করে তাদের আটক করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে বাড়ির মালিক ও জামায়াতের রোকন রুহুল পালিয়ে যায়। আটককৃতদের আদালতে নেওয়ার প্রক্রিয়া চলছে। ‘

চুয়াডাঙ্গা জেলা পুলিশের বৃক্ষরোপণ কর্মসূচির শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলা পুলিশের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের উদ্যোগে মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক ‘আসুন, আমরা সবাই মিলে ব্যাপকভাবে

এদেশে বৃক্ষরোপণ করি এবং আমাদের সোনার বাংলাকে আরো সবুজ করি’ এবং ‘গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি’ প্রতিপাদ্যকে সামনে রেখে পুলিশ লাইন্সে বিভিন্ন ধরণের ফলজ গাছ রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

এসময় বিভিন্ন জাতের উন্নতমানের ফলজ বৃক্ষ রোপন করা হয়। পর্যায়ক্রমে জেলা পুলিশের সকল ইউনিটে বনজ, ফলদ ও ভেষজ বৃক্ষের চারা রোপন করা হবে।

এসময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফকরুল আলম খান, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ , আরআই পুলিশ লাইন আমিনুল ইসলাম, মোটরযান শাখার ইনচার্জ জিহাদুল হাসান সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার ফোর্সগণ।

দামুড়হুদার জয়রামপুরে কিরণ মালা কপির বিজ রোপণ করে ক্ষতিগ্রস্ত কৃষকরা

দামুড়হুদার জয়রামপুর গ্রামের ২০জন কৃষক এআর মালিক সীডস কোম্পানির কিরণ মালা কপির বীজ কিনে চারা রোপন করে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

গতকাল রবিবার দুপুরে ভুক্তভোগী ওই ২০জন কৃষক তাদের ক্ষতিপূরণ দাবী করে ওই বীজ কোম্পানির বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করেছেন।

লিখিত অভিযোগ সূত্রে জানাগেছে, চলতি মৌসুমে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামের বারুইপাড়া, মল্লিকপাড়া, ক্যাম্পপাড়ার ২০জন কৃষক এআর মালিক সীডস কোম্পানীর কিরণ মালা নামক ফুলকপির বীজ কিনে চারা রোপন করে। বর্তমানে ওই ফুলকপির



গাছের বয়স ৭০-৭৫ দিন। গাছে ফুল এলেও তা আকারে খুবই ছোট ও ওজনে হালকা। এছাড়াও গাছের পাতা ঝরে যাচ্ছে। যার ফলে ভুক্তভোগী ওই কৃষকদের বিঘা প্রতি ৩০ থেকে ৩৫ হাজার টাকার লোকসান গুনতে হচ্ছে। তারা মনে করছেন নিুমানের বীজের জন্যই তাদের এই ক্ষতিগ্রস্ত হবার মূল কারণ। তাই তারা তাদের ক্ষতিপূরণ চেয়ে সীডস কোম্পানির বিরুদ্ধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করে।

দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস বলেন, ভুক্তভোগী কৃষকদের অভিযোগ পেয়ে ঘটনাস্থলে উপসহকারী কৃষি কর্মকর্তা কে পাঠানো হয়েছে। সেখানেই অভিযোগের প্রাথমিক সত্যতা মিলেছে। পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন, এআর মালিক সীড কোম্পানির কপির বীজ কিনে চারা রোপন করে ক্ষতিগ্রস্ত হওয়ায় ভুক্তভোগী ২০জন কৃষক একটি লিখিত অভিযোগ করেছে। অভিযোগটি তদন্তের জন্য উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় পুলিশের অভিযানে ২০ কেজি রুপাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানার পুলিশ চোরাচালানি অভিযান চালিয়ে প্রায় ২০ কেজি রুপা সহ একজনকে আটক করেছেন। আটকৃত শাহানাজ বেগম (৪০) বিষ্ণুপুর গ্রামের রুস্তম আলির স্ত্রী। আজ সোমবার দুপুর ৩টার

দিকে তার নিজ বাড়ি থেকে এই রুপা উদ্ধার করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে তদন্ত ওসি মাহবুবুর রহমান, এস আই মিজানুর রহমান এস আই রিয়াজুল ইসলাম, মহিলা পুলিশ খাদিজাতুল কবরা সঙ্গীয় ফোর্স নিয়ে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রামের রুস্তম আলির স্ত্রী শাহানাজ বেগমকে আটক করেন। পরে তার ঘর তল্লাশি করে ১৯ কেজি ৯ শত ৯৮ গ্রাম রুপা উদ্ধার করা হয় যার আনুমানিক মুল ২০ লক্ষ ৬৪ হাজার টাকা।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন রুপাসহ একজন মহিলাকে আটক করা হয়েছে। আসামীর বিরুদ্ধে চোরাচালানি মামলা দায়ের করা হয়েছে। আজ তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অভিযানে; গ্রেফতার ০১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ (এক) জন গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার(ডিবি) অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্ব সোমবার বিকাল সাড়ে পাঁচটার সময় এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এসআই(নিঃ)মুহিদ হাসান, এএসআই(নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই(নিঃ) মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন হঠাৎপাড়া (আনোয়ারপুর) গ্রামস্থ মোঃ আমিনুল ইসলাম, পিতা-মৃত সোনা মিয়ার মুরগির ফার্মের সামনে রেললাইনের উপর হতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা এলাকায় হতে আসামি আব্দুল হাদি ওরফে হাদি (৩১), পিতা-আব্দুল মান্নান, সাং-ঝাঁঝাডাঙ্গা (বেলেমাঠপাড়া) গ্রেফতার পূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার পূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে জেলা কমান্ড্যান্টের মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মেহেরপুরের বিভিন্ন উপজেলার কর্মকর্তা-কর্র্মচরী, ভাতাভোগী সদস্য-সদস্যা ও ইউনিয়ন দলনেতা/দল নেত্রীদের সাথে নব যোগদানকৃত জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্রদত্ত এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার জেলা কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্রদত্ত তার বক্তব্যে বলেন, জেলা কমান্ড্যান্ট বাহিনীর সুনামকে বৃদ্ধি কল্পে অধিকতর তৎপর হওয়া এবং অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালনের মাধ্যমে জেলার কার্যক্রমে গতিশীলতা আনয়নে সকলের সহযোগিতার আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়াও গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাহিনীর মহাপরিচালক কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপ সমূহ সম্পর্কে উক্ত সভায় সকলকে অবহিত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সার্কেল অ্যাডজুটান্ট মোঃ আল-মামুন, মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোঃ মিরাজুল ইসলাম, গাংনী উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) টিআই ফেরদৌসী বানু প্রমুখ।

ঝিনাইদহে মাদকসহ ২ ব্যবসায়ী আটক

ঝিনাইদহের মহেশপুর থেকে বিপুল পরিমান মাদকসহ ২ মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। গতকাল রবিবার রাতে উপজেলার সীমান্তবর্তী গুড়দহ বাজার এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃত মাসুম মোড়ল ও ইমরান নাজিরের বাড়ি যশোর জেলায়।

সোমবার দুপুরে ঝিনাইদহ পুলিশ সুপারের কার্যালয়ে পুলিশ সুপার আজিম-উল-আহসান সংবাদ সম্মেলনের মাধ্যমে জানান, মাদকদ্রব্য উদ্ধার ও আইনশৃঙ্খলা রক্ষার্থে পুলিশ চেকপোষ্ট বসিয়ে নিয়মিত সন্দেহভাজন যানবাহন ও ব্যক্তিদের তল্লাশী কার্যক্রম পরিচালনা করে থাকে। তারই ধারাবাহিকতায় গেল রাতে মহেশপুর উপজেলার গুড়দহ বাজারে চেকপোষ্ট পরিচালনা কালে সন্দেহভাজন একটি মাইক্রোবাস গতিরোধ করে তল্লাশী করা হয়। সেসময় গাড়ির পেছনে ৩ টি বস্তার ভেতর থেকে ৪০৬ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। গাড়িসহ যার আনুমানিক মূল্য ২১ লাখ ২৫ হাজার টাকা। আটককৃত আসামীদের বিরুদ্ধে মহেশপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা করা হয়েছে।

সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অবস) রাজু আহমেদ, সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মীর আবিদুর রহমান, ডিবি ওসি শাহীন উদ্দিন।

দামুড়হুদায় কন্যা হত্যার আসামি পিতা আটক

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে কন্যা হত্যার পাষণ্ড পিতা আজিজুল হক ভারতে পালিয়ে যাওয়ার সময় বিজিবির হাতে আটক হয়েছে ।

আজ সোমবার কার্পাসডাঙ্গার চাকুলিয়া সীমান্ত থেকে সকাল ৮টার সময় ৮৭এর ৩ আর থেকে বিজিবির ল্যান্স নায়েক মোঃ শাহিন আলমের নেতৃত্বে আটক করে বিজিবি সদস্যরা। পরে কার্পাসডাঙ্গা ফাঁড়ি পুলিশের কাছে হস্থানন্তর করে ঠাকুরপুর বিওপি ক্যাম্পের কমান্ডার নায়েক সুবেদার কাজি আজাদ।

উল্লেখ্য দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ঘুমন্ত মেয়ে মর্জিনা খাতুনকে কুপিয়ে হত্যা করে বাবা আজিজুল হক। শনিবার রাত দেড়টার দিকে উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামে এ ঘটনা ঘটে।

নিহতের বোনের ছেলে হোসেইন বলেন, সন্ধ্যায় সমিতি থেকে নেয়া ঋণের কিস্তির টাকা দেওয়া নিয়ে বাবা আজিবার মণ্ডলের সঙ্গে মর্জিনা খাতুনের বাগবিতণ্ডা হয়। এরই জেরে রাত দেড়টার দিকে ঘুমন্ত অবস্থায় মেয়েকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেন আজিজুল হক। একপর্যায়ে বাড়ির একটি গর্তে ফেলে রাখেন। এ সময় মর্জিনার চিৎকারে তার মেয়ে রোকসানা ছুটে এলে তাকেও এলোপাতাড়ি কুপিয়ে জখম করেন আজিজুল। পরে দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে মর্জিনাকে মৃত ঘোষণা করেন চিকিৎসক।

জরুরি বিভাগের চিকিৎসক মুস্তাফিজুর রহমান বলেন, মর্জিনা খাতুনকে হাসপাতালে মৃত অবস্থায় নিয়ে আসা হয়েছিল। তার শরীরের বিভিন্ন স্থানে ধারালো অস্ত্রের আঘাত রয়েছে। রোকসানার দুই হাত জখম হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ (এসআই) ইমরান। তিনি বলেন, ঘটনার পরেই পালিয়েছেন অভিযুক্ত আজিজুল হক। তাকে আটকের চেষ্টা চলছে।